সোনালী ব্যাংক লিমিটেড
Sonali Bank Limited
প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা।

"সুবর্ণজয়ন্তীর অঙ্গীকার
সোনালী ব্যাংক হবে সবার"

এমপ্লয়িজ ওয়েলফেয়ার এন্ড ট্রান্সপোর্ট ডিভিশন
(ট্রান্সপোর্ট ডিপার্টমেন্ট)

নং-প্রকা/ইডব্লিউটিডি(টিডি)/সংস্থাপন/ ৬৪২
তারিখঃ ২৮ সেপ্টেম্বর, ২০২২

ডেপুটি জেনারেল ম্যানেজার
হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন
সোনালী ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়
ঢাকা।

হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন
সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা
এজিএম পরিকল্পনা...
গ্রহণের তারিখ 28/9/22 ৭৭৭
প্রয়োজনীয় ব্যবস্থা নিন
আলাপ করুন
উপস্থাপন করুন ডেপুটি জেনারেল ম্যানেজার

বিষয়ঃ সোনালী ব্যাংক লিমিটেড এর ২০২২-২০২৩ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা (NIS) বাস্তবায়ন প্রতিবেদন প্রেরণ প্রসংগে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে আপনাদের ২৫ সেপ্টেম্বর, ২০২২ তারিখের ১৮১৭ সংখ্যক পত্রের সূত্র উল্লেখ্য।

২.০০: সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে এ ডিভিশন সংশ্লিষ্ট জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা (NIS) বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন আপনাদের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে এতদসংগে প্রেরণ করা হ'ল।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ ফকরুল ইসলাম)
ডেপুটি জেনারেল ম্যানেজার

সংযুক্তিঃ ০৪ (চার) পাতা।

<u>**দপ্তর/সংস্থার জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩**</u>

দপ্তর/সংস্থার নাম: **সোনালী ব্যাংক লিমিটেড।**

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | সূচকের মান | একক | বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ | ২০২২-২০২৩ অর্থবছরের লক্ষ্যমাত্রা | বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ, ২০২২-২০২৩ | | | | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রা/ অর্জন | ১ম কোয়ার্টার | ২য় কোয়ার্টার | ৩য় কোয়ার্টার | ৪র্থ কোয়ার্টার | মোট অর্জন | অর্জিত মান | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| **৩. শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম................ ১৮** (অগ্রাধিকার ভিত্তিতে **১নং** সহ ন্যূনতম চারটি কার্যক্রম) | | | | | | | | | | | | | |
| ৩.১ সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ | অর্জন | ৩ | % | এমপ্লয়ীজ ওয়েলফেয়ার এন্ড ট্রান্সপোর্ট ডিভিশন | ১০০% | লক্ষ্যমাত্রা | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | - | | সোনালী ব্যাংকের যানবাহনের ব্যবহারে যথাযথ নিয়মাবলী পরিপালন করা হচ্ছে। |
| | | | | | | অর্জন | ১০০% | - | - | - | ১০০% | | |
| ৩.২ নতুন হিসাব খোলা | অর্জন | ৫ | % | এমআইএস এন্ড স্ট্যাটিসটিক্স ডিভিশন | ১০০% | লক্ষ্যমাত্রা | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ৩.৩ বিআরপিডি সার্কুলার লেটার-২০, তারিখ-১৫/০৯/২০১৯ এবং ডিএফআইএম সার্কুলার নং-০৩, তারিখ-১০/১০/২০১৯ অনুযায়ী CMMS-এ এন্ট্রি প্রদান | CMMS-এ এন্ট্রি প্রদান | ৫ | % | CMMS-এ এন্ট্রি প্রদানের জন্য মনোনীত কর্মকর্তা | ১০০% | লক্ষ্যমাত্রা | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ৩.৪ শুদ্ধাচার বিষয়ে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রকাশিত "ছড়ায় ছড়ায় শুদ্ধাচার" বই হতে ছড়া জাতীয় দৈনিকে বিজ্ঞাপন প্রচার | বিজ্ঞাপন প্রকাশিত | ৫ | সংখ্যা | শুদ্ধাচার সেল, হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন | ৪ | লক্ষ্যমাত্রা | ১ | ১ | ১ | ১ | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |

বি:দ্র:- কোন ক্রমিকের কার্যক্রম প্রযোজ্য না হলে তার কারণ মন্তব্য কলামে উল্লেখ করতে হবে।

২৮.০৯.২০২২
Md. Shazzad Hossain
Senior Principal Officer
A-535

২৮.০৯.২০২২
Mohammed Abul Kalam
Assistant General Manager
A-4329

সোনালী ব্যাংক লিমিটেড
Sonali Bank Limited
প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা।

"সুবর্ণজয়ন্তীর অঙ্গীকার
সোনালী ব্যাংক হবে সবার"

এমপ্লয়িজ ওয়েলফেয়ার এন্ড ট্রান্সপোর্ট ডিভিশন
(ট্রান্সপোর্ট ডিপার্টমেন্ট)

নং-প্রকা/ইডব্লিউটিডি/সংস্থাপন/৫৮৪
তারিখঃ ০৫ সেপ্টেম্বর, ২০২২

ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর/কোম্পানী সেক্রেটারি/জেনারেল ম্যানেজার/
চীফ ল' অফিসার/চীফ ইনফরমেশন টেকনোলজি অফিসার/চীফ অডিট অফিসার/
প্রিন্সিপাল/ডেপুটি জেনারেল ম্যানেজার
সিইও এন্ড এমডি'স সেক্রেটারিয়েট/ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর'স সেক্রেটারিয়েট/
সকল জেনারেল ম্যানেজার'স অফিস/সকল ডিভিশন, প্রধান কার্যালয়/
সোনালী ব্যাংক স্টাফ কলেজ/সকল প্রিন্সিপাল অফিস/সকল কর্পোরেট শাখা
বাংলাদেশ।

কোভিড-১৯ জনিত অর্থনৈতিক অভিঘাত এবং চলমান রাশিয়া-ইউক্রেন যুদ্ধ পরিস্থিতে
বিশ্বব্যাপি জ্বালানি, খাদ্য ও নিত্যপণ্যের মূল্য বৃদ্ধির প্রেক্ষাপটে ব্যয়-সাশ্রয় ও কৃচ্ছ্রসাধন প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা'র ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ এর ০৫ সেপ্টেম্বর, ২০২২ তারিখের বিআরপিডি সার্কুলার লেটার নং-৩৫ এর প্রতি সকলের দৃষ্টি আকর্ষণ করা হ'ল (কপি সংযুক্ত)।

২.০০: সূত্রোক্ত পত্রে কোভিড-১৯ জনিত অর্থনৈতিক অভিঘাত এবং চলমান রাশিয়া-ইউক্রেন যুদ্ধ পরিস্থিতে বিশ্বব্যাপি জ্বালানি, খাদ্য ও নিত্যপণ্যের মূল্য বৃদ্ধির প্রেক্ষাপটে ব্যয়-সাশ্রয় ও কৃচ্ছ্রসাধনের লক্ষ্যে ইতঃপূর্বে বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রদত্ত ২৬ জুলাই, ২০২২ তারিখের বিআরপিডি সার্কুলার লেটার নং-৩৫ এ বর্ণিত নির্দেশনার অধিকতর স্পষ্টীকরণ এবং এর যথাযথ বাস্তবায়ন নিশ্চিতকরণে অন্যান্য বিষয়ের সাথে নিম্নরূপ নির্দেশনা প্রদান করেন:

উদ্ধৃত "জ্বালানি (পেট্রোল, ডিজেল, গ্যাস ইত্যাদি), ওয়েল ও লুব্রিকেন্ট এর ব্যবহার ২০ শতাংশ বা ততোধিক কমিয়ে আনার ক্ষেত্রে গৃহীত ব্যবস্থা চলমান রাখতে হবে। এ ক্ষেত্রে বরাদ্দকৃত জ্বালানির অপব্যবহার (যেমন: ব্যক্তিগত কাজে বিধি-বহির্ভুতভাবে অফিসের গাড়ির ব্যবহার, প্রাধিকার বহির্ভূত গাড়ি বরাদ্দ ইত্যাদি) রোধকল্পে দৃষ্টান্তমূলক পদক্ষেপ গ্রহণ করতে হবে।" অনুদ্ধৃত

৩.০০: বাংলাদেশ ব্যাংক প্রদত্ত উপরিউক্ত নির্দেশনা ও এ ডিভিশনের ২৫.০৮.২০২২ তারিখের ৫৬৩ সংখ্যক পত্রে বর্ণিত বিষয়াবলির যথাযথ পরিপালন নিশ্চিতকরণের জন্য আপনাদেরকে অনুরোধ জানানো হ'ল।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ মিজানুর রহমান মজুমদার)
জেনারেল ম্যানেজার

(মোঃ মজিবর রহমান)
ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর

সোনালী ব্যাংক লিমিটেড
Sonali Bank Limited
প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা।

"সুবর্ণজয়ন্তীর অঙ্গীকার সোনালী ব্যাংক হবে সবার"

এমপ্লয়িজ ওয়েলফেয়ার এন্ড ট্রান্সপোর্ট ডিভিশন
(ট্রান্সপোর্ট ডিপার্টমেন্ট)

নং-প্রকা/ইডব্লিউটিডি/সংস্থাপন/ ৫৬৩
তারিখঃ ২৫ আগস্ট, ২০২২

ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর/কোম্পানী সেক্রেটারি/জেনারেল ম্যানেজার/
চীফ ল' অফিসার/চীফ ইনফরমেশন টেকনোলজি অফিসার/চীফ অডিট অফিসার/
প্রিন্সিপাল/ডেপুটি জেনারেল ম্যানেজার
সিইও এন্ড এমডি'স সেক্রেটারিয়েট/ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর'স সেক্রেটারিয়েট/
সকল জেনারেল ম্যানেজার'স অফিস/সকল ডিভিশন, প্রধান কার্যালয়/
সোনালী ব্যাংক স্টাফ কলেজ/সকল প্রিন্সিপাল অফিস/সকল কর্পোরেট শাখা
বাংলাদেশ।

বিষয়ঃ জ্বালানি তেল ব্যবহারে কৃচ্ছ সাধন ও সাশ্রয়ী হওয়ার নিমিত্ত ২০২২ সালের জন্য বরাদ্দকৃত জ্বালানি খাতে নির্ধারিত বাজেট সীমার ১০% হ্রাসকরণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা'র ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ এর ২৬.০৭.২০২২ তারিখের বিআরপিডি সার্কুলার লেটার নং-২৮ এর প্রতি সকলের দৃষ্টি আকর্ষণ করা হ'ল (কপি সংযুক্ত)।

২.০০: সূত্রোক্ত পত্রে বর্তমান বৈশ্বিক অর্থনৈতিক অবস্থার প্রেক্ষাপটে সরকার কর্তৃক গৃহীত সিদ্ধান্তের প্রেক্ষিতে ২০২২ পঞ্জিকা বছরের অবশিষ্ট ০৬ (ছয়) মাস (জুলাই/২০২২ হতে ডিসেম্বর/২০২২) এবং ২০২৩ পঞ্জিকা বছরের প্রথম ০৬ (ছয়) মাস (জানুয়ারি/২০২৩ হতে জুন/২০২৩) সময়ে ব্যাংকসমূহের ব্যয়ে কৃচ্ছ সাধন এবং বিদ্যুৎ ও জ্বালানির সাশ্রয়ী ব্যবহার নিশ্চিতকল্পে অন্যান্য বিষয়ের সাথে জ্বালানি ব্যবহারে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করেনঃ

(ক) জ্বালানি (পেট্রোল, ডিজেল, গ্যাস ইত্যাদি), ওয়েল ও লুব্রিকেন্ট এর বরাদ্দকৃত অর্থ হতে ব্যয় ন্যূনতম ২০ শতাংশ সাশ্রয় করতে হবে। এ লক্ষ্যে চলতি বছরের অবশিষ্ট ০৬ (ছয়) মাসে ১০ শতাংশ এবং ২০২৩ পঞ্জিকা বছরের প্রথম ০৬ (ছয়) মাসে ১০ শতাংশ হ্রাস করতে হবে।

(খ) সাশ্রয়কৃত অর্থ অন্য কোনো খাতে বরাদ্দ বা ব্যয় করা যাবে না।

বর্ণিত নির্দেশনানুসারে ব্যয় হ্রাস সংক্রান্ত তথ্য ও দলিলাদি ব্যাংকের প্রধান কার্যালয়ে সংরক্ষণ করতে হবে এবং সংশ্লিষ্ট ব্যাংক পরিদর্শনকালে নিরীক্ষার নিমিত্ত বাংলাদেশ ব্যাংকের পরিদর্শনকালে পরিদর্শকগণের চাহিদার প্রেক্ষিতে সরবরাহ করতে হবে মর্মে সূত্রোক্ত পত্রে উল্লেখ করা হয়েছে।

৩.০০: সূত্রোক্ত পত্রের বিষয়বস্তু দপ্তর প্রতিবেদনাকারে উপস্থাপন করা হলে কর্তৃপক্ষ সংশ্লিষ্ট সকলের পরিপালনার্থে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করেনঃ

(ক) জনপ্রশাসন মন্ত্রণালয়, পরিবহন শাখা'র ১৬.০২.২০২০ তারিখের ০৫.০০.০০০০.১২১.২৬.০০৯.১৫-৫৯ নং স্মারক মোতাবেক ডিজেল/অকটেন/পেট্রোল চালিত প্রতি গাড়ী প্রতিমাসে ২৫০.০০ (দুইশত পঞ্চাশ) লিটার ডিজেল/ অকটেন/পেট্রোল এবং গ্যাস চালিত প্রতি গাড়ী প্রতিমাসে ৩৫৮.০০ (তিনশত আটান্ন) ঘনফুট গ্যাস সীমা কোনো অবস্থাতেই অতিক্রম করতে পারবে না। উপরন্তু, পরবর্তীতে অর্থ মন্ত্রনালয়, অর্থ বিভাগ এর ২১ জুলাই, ২০২২ তারিখের ০৭.১০১.০২০.০০.০০.০০১.২০০৯-১৬ সংখ্যক পরিপত্রের নির্দেশনা মোতাবেক এ খাতে বরাদ্দকৃত অর্থের ৮০% পর্যন্ত ব্যবহারে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করতে হবে ; এবং

চলমান পৃষ্ঠা নং-০২)

"সুবর্ণজয়ন্তীর অঙ্গীকার
সোনালী ব্যাংক হবে সবার"





বিষয়ঃ জ্বালানি তেল ব্যবহারে কৃচ্ছ সাধন ও সাশ্রয়ী হওয়ার নিমিত্ত ২০২২ সালের জন্য বরাদ্দকৃত জ্বালানি খাতে নির্ধারি বাজেট সীমার ১০% হ্রাসকরণ প্রসংগে।

(খ) প্রধান কার্যালয়স্থ সংশ্লিষ্ট নির্বাহীগণ ঢাকার বাহিরে ব্যক্তিগত প্রয়োজনে ব্যাংকের প্রধান কার্যালয়ের পুলের গা এবং নিয়ন্ত্রণকারী কার্যালয় ও কর্পোরেট শাখা প্রধানগণ ব্যক্তিগত প্রয়োজনে এ ব্যাংকের গাড়ী ব্যবহার কর পারবেন না।

এমতাবস্থায়, কর্তৃপক্ষ প্রদত্ত উপরিউক্ত নির্দেশনাসমূহের পরিপালন নিশ্চিত করার জন্য আপনাদেরকে অনুরোধ জানা হ'ল।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ সিজানুর রহমান মজুমদার)
জেনারেল ম্যানেজার

(মোঃ মজিবর রহমান)
ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর

সোনালী ব্যাংক লিমিটেড
Sonali Bank Limited
প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা।

সুবর্ণ জয়ন্তীর অংগীকার
সোনালী ব্যাংক হবে সবার

এমপ্লয়ীজ ওয়েলফেয়ার এন্ড ট্রান্সপোর্ট ডিভিশন
(ট্রান্সপোর্ট ডিপার্টমেন্ট)

নং-প্রকা/ইডব্লিউটিডি/সংস্থাপন/ ৩৮৬
তারিখঃ ০৬.০৬.২০২২

ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর/কোম্পানী সেক্রেটারি/জেনারেল ম্যানেজার/
চীফ ল' অফিসার/চীফ ইনফরমেশন টেকনোলজি অফিসার/চীফ অডিট অফিসার/
প্রিন্সিপাল/ডেপুটি জেনারেল ম্যানেজার
সিইও এন্ড এমডি'স সেক্রেটারিয়েট/ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর'স সেক্রেটারিয়েট/
সকল জেনারেল ম্যানেজার'স অফিস/সকল ডিভিশন, প্রধান কার্যালয়/
সোনালী ব্যাংক স্টাফ কলেজ/সকল প্রিন্সিপাল অফিস/সকল কর্পোরেট শাখা
বাংলাদেশ।

**এ ব্যাংকের নির্বাহীগণ কর্তৃক ব্যাংকের গাড়ি ব্যবহার ও জ্বালানী খরচের ক্ষেত্রে Executive Car Loan নীতিমালা ও বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা যথাযথভাবে অনুসরণ প্রসংগে।**

মহোদয়,

শিরোনামোক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ পরবর্তী অর্থনৈতিক পুনরুদ্ধার, বর্তমান বৈশ্বিক সংকটের প্রেক্ষাপটে উদ্ভুত পরিস্থিতি, বিশ্বব্যাপী পণ্যমূল্য বৃদ্ধির প্রেক্ষিতে দেশের অভ্যন্তরে মূল্যস্ফীতি বৃদ্ধি এবং জ্বালানী তেলসহ আমদানীকৃত পণ্য মূল্য বৃদ্ধি পাওয়ায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক পরিবহন খাতসহ বিভিন্ন খাতে ব্যয় সংকোচন নীতি পরিপালনের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।

২.০০: এ ব্যাংকের বিভিন্ন পর্যায়ের নির্বাহীগণকে 'Executive Car Loan' সুবিধার আওতায় গাড়ি ক্রয় করার জন্য সুদমুক্ত ঋণ সুবিধা প্রদান করা হয়েছে ও হচ্ছে এবং ক্রয়কৃত গাড়ি রক্ষণাবেক্ষণের জন্য ব্যাংক হতে রক্ষণাবেক্ষণ ব্যয় বাবদ অর্থ প্রদান করা হচ্ছে। এ ক্ষেত্রে প্রধান কার্যালয়ের ইস্তেহার নং-৪৩ তারিখ ২৪.০৫.২০০৯ এর ১০(ঘ) ও ১০(ঙ) নং অনুচ্ছেদে Executive Car Loan সুবিধা গ্রহণকারী নির্বাহীগণ অফিসে যাতায়াতসহ যাবতীয় অফিসিয়াল কাজে Car Loan-এ ক্রয়কৃত গাড়িটি ব্যবহার করবেন মর্মে উল্লেখ রয়েছে। এতদবিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকার BRPD সার্কুলার নং-১৮, তারিখ ২০.০৮.২০১৯ এর ২ নং ক্রমিকে মটরগাড়ি ক্রয় এবং ব্যবহারের ক্ষেত্রে নিম্নরূপ নির্দেশনা রয়েছে।

ক. ব্যাংকের প্রাধিকারভূক্ত কর্মকর্তাগণ ব্যতীত অন্য কর্মকর্তাগণ কর্তৃক ব্যাংক কোম্পানীর অর্থে ক্রয়কৃত গাড়ি ব্যবহার করা যাবে না। যে সকল কর্মকর্তা গাড়ী ঋণ এবং এর রক্ষণাবেক্ষণ বাবদ ব্যয় গ্রহণ করেন তাদেরকে ব্যাংকের গাড়ী ব্যবহারের সুবিধা প্রদান করা যাবে না।

খ. মোটরযান সংক্রান্ত জ্বালানী খরচের ক্ষেত্রে সরকারী নীতিমালা অনুযায়ী প্রদেয় সীমা যথাযথভাবে অনুসরণ করতে হবে।

৩.০০: উল্লেখ্য, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, জনপ্রশাসন মন্ত্রণালয়, পরিবহন শাখা'র ১৬.০২.২০২০ তারিখের ০৫.০০.০০০০.১২১.২৬.০০৯.১৫-৫৯ নং স্মারকমূলে সরকার কর্তৃক বরাদ্দকৃত গাড়ীর বিপরীতে জ্বালানী তেল/সিএনজি এর প্রাপ্যতা বিষয়ে সুনির্দিষ্ট সীমা উল্লেখ করা হয়েছে (কপি সংযুক্ত)।

৪.০০: এছাড়া প্রধান কার্যালয়ের উপর সম্পাদিত বাংলাদেশ ব্যাংকের বিশদ পরিদর্শন প্রতিবেদনেও এ ব্যাংকের গাড়ি ব্যবহার ও জ্বালানী খরচের ক্ষেত্রে ব্যাংক কর্তৃক প্রণীত Car Loan নীতিমালা, বাংলাদেশ ব্যাংক এর BRPD সার্কুলার ও সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত নীতিমালা লংঘন করায় আপত্তি উত্থাপন করা হয়েছে।

(চলমান পৃষ্ঠা নং-০২)

৫.০০: সাম্প্রতিক সময়ে লক্ষ্য করা যাচ্ছে যে, এ ব্যাংকের বিভিন্ন পর্যায়ের নির্বাহীগণ 'Executive Car Loan' সুবিধার আওতায় সুদমুক্ত ঋণে গাড়ি ক্রয়পূর্বক নিয়মিতভাবে রক্ষণাবেক্ষণ ব্যয় গ্রহণ করা সত্ত্বেও অফিসে যাতায়াতসহ ব্যক্তিগত কাজে ব্যাংকের অর্থে ক্রয়কৃত গাড়ি ব্যবহার করছেন যা ব্যাংক কর্তৃক প্রণীত Car Loan নীতিমালা ও BRPD সার্কুলার পরিপন্থি। এতে একদিকে 'Executive Car Loan' এর আওতায় প্রদত্ত ঋণে ক্রয়কৃত গাড়ীর রক্ষণাবেক্ষণ ব্যয় বৃদ্ধি পাচ্ছে অপরদিকে ব্যাংকের গাড়ির ব্যবহার ও জ্বালানী খরচ ক্রমাগত বৃদ্ধি পাওয়ায় ব্যাংকের মুনাফার উপর নেতিবাচক প্রভাব ফেলছে।

৬.০০: এমতাবস্থায়, এ ব্যাংকের সকল পর্যায়ের নির্বাহীগণকে ব্যাংকের গাড়ি ব্যবহার ও জ্বালানী খরচের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংক এবং এ ব্যাংকের 'Executive Car Loan' ইস্তেহারে বর্ণিত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করার জন্য কর্তৃপক্ষের নির্দেশনাক্রমে অনুরোধ জানানো হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ সিরাজুল ইসলাম)
জেনারেল ম্যানেজার

(মোঃ মজিবর রহমান)
ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
পরিবহন শাখা
www.mopa.gov.bd

০৩ ফাল্গুন, ১৪২৬ বঙ্গাব্দ

নং- ০৫.০০.০০০০.১২১.২৬.০০৯.১৫-৫৯ তারিখ : ---------------------------

১৬ ফেব্রুয়ারি, ২০২০ খ্রি.

প্রজ্ঞাপন

সার্বক্ষণিক গাড়ি প্রাধিকারপ্রাপ্ত সরকারের সিনিয়র সচিব/সচিব এবং সচিব পদমর্যাদা সম্পন্ন কর্মকর্তাগণের জন্য সরকার কর্তৃক বরাদ্দকৃত গাড়ির বিপরীতে জ্বালানি তেল/সিএনজি-এর প্রাপ্যতা সর্বোচ্চ ২৫০ লিটার পেট্রোল/অকটেন অথবা ৩৫৮ ঘনমিটার সিএনজি পুনর্নির্ধারণ করা হলো।

০২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

১৬/০২/২০২০
(মোহাম্মদ সাইদুল ইসলাম)
পরিচিতি নং- ১৫৮৮২
উপসচিব
ফোন : ৯৫৪৫৫৩৩
admintrans@mopa.gov.bd

০৩ ফাল্গুন, ১৪২৬ বঙ্গাব্দ

নং- ০৫.০০.০০০০.১২১.২৬.০০৯.১৫-৫৯ তারিখ : ---------------------------

১৬ ফেব্রুয়ারি, ২০২০ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
২. সিনিয়র সচিব/সচিব ............................................................................ মন্ত্রণালয়/বিভাগ
৩. হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা
৪. পরিবহণ কমিশনার, সরকারি যানবাহন অধিদপ্তর,সচিবালয় লিংক রোড, ঢাকা
৫. উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (গেজেটে প্রকাশের অনুরোধসহ)
৬. সিনিয়র সিস্টেমস এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

সোনালী ব্যাংক লিমিটেড
Sonali Bank Limited

হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন
প্রধান কার্যালয়, ৩৫-৪২, ৪৪ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০, বাংলাদেশ।
Human Resource Development Division (HRDD)
Head Office (5th Floor), 35-42, 44 Motijheel C/A, Dhaka-1000, Bangladesh.
PHONE : 0222-3388175 (DGM), 0222-3387891 (AGM)
PABX : 2025 (DGM), 3251, 3252, 3246 (AGM), 3247,3250 (SPO)
E-mail : dgmhrdd@sonalibank.com.bd
Website : www.sonalibank.com.bd

"সুবর্ণজয়ন্তীর অঙ্গীকার
সোনালী ব্যাংক হবে সবার"

নং-এইচআরডিডি/৩৯৯/১৬৩৯

তারিখ : ১৪ ভাদ্র, ১৪২৯
২৯ আগস্ট, ২০২২

সচিব
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়
ঢাকা-১০০০।

দৃঃ আঃ - জনাব মৃত্যুঞ্জয় সাহা
যুগ্মসচিব, পরিবীক্ষণ ও মূল্যায়ন শাখা।

বিষয়: ২৮ আগস্ট, ২০২২ তারিখে আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক আয়োজিত ২০২১-২০২২ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক ফিডব্যাক সভার সিদ্ধান্ত বাস্তবায়ন।

মহোদয়,

প্রাসঙ্গিক বিষয়ে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২৮ আগস্ট, ২০২২ তারিখে আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এর যুগ্মসচিব জনাব মৃত্যুঞ্জয় সাহা এঁর সভাপতিত্বে আয়োজিত ২০২১-২০২২ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক ফিডব্যাক সভায় প্রদত্ত নির্দেশনা ও গৃহীত সিদ্ধান্তের প্রেক্ষিতে সোনালী ব্যাংক লিমিটেড এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ এর নিম্নোক্ত অনুচ্ছেদসমূহের বাস্তবায়নের তথ্য প্রমাণক ও সংযুক্তিসহ নিম্নে উল্লেখপূর্বক এতদসঙ্গে প্রেরণ করা হলো:

অনুচ্ছেদ ১.২: এ ব্যাংকের নৈতিকতা কমিটির সভার বাস্তবায়নের স্বপক্ষে সভার কার্যবিবরণীর গৃহীত সিদ্ধান্তসমূহের প্রমাণক:

১। ২৩/০৬/২০২২ তারিখে বিশ্ব হুইসেল ব্লোয়ারস দিবস উপলক্ষে আয়োজিত সেমিনার এর নোটিশ (কপি সংযুক্ত)।

২। ক) ব্যাংকের সিকিউরিটি এন্ড প্রটোকল ডিভিশন কর্তৃক নিরাপদ কর্মপরিবেশ বজায় রাখার নিমিত্ত নিয়মিত নিরাপত্তা প্রহরী, আধুনিক উপকরণ ইত্যাদির দ্বারা শাখা, অফিসসমূহের নিরাপত্তাসহ অগ্নি-দূর্ঘটনা মোকাবিলায় ফায়ার এক্সটিংগুইশার এর কার্যকারিতা পর্যবেক্ষণ, অগ্নি-দূর্ঘটনা হতে নিরাপদ থাকার জন্য সচেতনতা বৃদ্ধির নির্দেশনা প্রদান (কপি সংযুক্ত)।

খ) ব্যাংকের এস্টাব্লিশমেন্ট এন্ড ইঞ্জিনিয়ারিং ডিভিশন কর্তৃক অফিসে জীবাণুনাশক ছিটানো এবং নিয়মিত ফ্লোর পরিষ্কার পরিচ্ছন্ন রাখা (কপি সংযুক্ত)।

৩। এ ব্যাংকের নির্বাহীগণ কর্তৃক ব্যাংকের গাড়ি ব্যবহার ও জ্বালানী খরচের ক্ষেত্রে এক্সিকিউটিভ কার লোন নীতিমালা ও বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা যথাযথভাবে অনুসরণের নির্দেশনা (কপি সংযুক্ত)।

৪। 'সোনালী ব্যাংক লিমিটেড শুদ্ধাচার পুরস্কার, ২০২১-২০২২' প্রদান (কপি সংযুক্ত)।

৫। বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা অনুযায়ী শুদ্ধাচার বিষয়ে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে "ছড়ায় ছড়ায় শুদ্ধাচার" শীর্ষক বই হতে প্রতি কোয়ার্টারে জাতীয় দৈনিকে বিজ্ঞাপন আকারে প্রচার করা হচ্ছে (কপি সংযুক্ত)।

৬। এ ব্যাংকের মাঠ পর্যায়ে জিএম অফিসসমূহে অনুষ্ঠিত মতবিনিময় ও ব্যবসায়িক সভাসহ বিভিন্ন কর্মসূচি (কপি সংযুক্ত)। মাঠ পর্যায়ের শাখাসমূহে দৃশ্যমান স্থানে সিটিজেন চার্টার প্রদর্শন সংক্রান্ত প্রমাণক (কপি সংযুক্ত)।

সোনালী ব্যাংক লিমিটেড
Sonali Bank Limited

হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন
প্রধান কার্যালয়, ৩৫-৪২, ৪৪ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০, বাংলাদেশ।
Human Resource Development Division (HRDD)
Head Office (5th Floor), 35-42, 44 Motijheel C/A, Dhaka-1000, Bangladesh.
PHONE : 0222-3388175 (DGM), 0222-3387891 (AGM)
PABX : 2025 (DGM), 3251, 3252, 3246 (AGM), 3247,3250 (SPO)
E-mail : dgmhrdd@sonalibank.com.bd
Website : www.sonalibank.com.bd

"সুবর্ণজয়ন্তীর অঙ্গীকার
সোনালী ব্যাংক হবে সবার"



**অনুচ্ছেদ ১.২: *** এক নোটিশেই (stakeholders) অংশগ্রহণে সভা, নৈতিকতা কমিটির সভা আয়োজন করা হয়েছে:**

এ ব্যাংকে stakeholders অংশগ্রহণে সভা ও নৈতিকতা কমিটির সভা একই নোটিশে একই দিনে আয়োজন করা হয়েছে। তবে, আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ফিডব্যাক সভার সিদ্ধান্ত অনুযায়ী এখন থেকে ভিন্ন নোটিশে stakeholders অংশগ্রহণে সভা ও নৈতিকতা কমিটির সভা আয়োজন করা হবে।

**অনুচ্ছেদ ১.৫: কর্মপরিবেশ উন্নয়নে পর্যাপ্ত প্রমাণক নেই মর্মে সভায় উল্লেখ করা হয়।**

এতদবিষয়ে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এ ব্যাংকের নৈতিকতা কমিটি ও কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী করোনাভাইরাসসহ যেকোনো সংক্রামক ব্যাধির বিস্তার রোধকল্পে সকলকে স্বাস্থ্যবিধি অনুসরণ ও সচেতন থাকার জন্য পরামর্শ প্রদান করা হয়। একইসাথে, কর্ম-পরিবেশ উন্নয়ন করা বিশেষত অফিসে জীবাণুনাশক ছিটানো, নিয়মিত ফ্লোর পরিষ্কার পরিচ্ছন্ন রাখা, ফায়ার সেফটি নিশ্চিতকরণ, মাস্ক বিতরণ ও হ্যান্ড স্যানিটাইজার সরবরাহ করার কার্যক্রম অব্যাহত রাখা এবং কর্ম-পরিবেশ উন্নয়ন বিষয়ে সম্পাদিত কর্মকান্ডের অগ্রগতি প্রতিবেদন প্রতি কোয়ার্টারে প্রেরণ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। তদনুযায়ী সংশ্লিষ্ট ডিভিশনসমূহ কর্তৃক তা বাস্তবায়ন করা হচ্ছে (কপি সংযুক্ত)।

ব্যাংকের ইনফরমেশন টেকনোলজি ডিভিশন কর্তৃক দীর্ঘদিনের অকেজো/অকার্যকর ও মেরামত অযোগ্য সিপিইউ-সহ বিভিন্ন কম্পিউটার সামগ্রী ডিসপোজাল করা হয়েছে (কপি সংযুক্ত)।

এ ব্যাংকের ৩টি শাখা যথা: হেমায়েতপুর শাখা, সাভার, ঢাকা; আমতলী শাখা, বরগুনা এবং কালুমুন্সিরহাট শাখা, চট্টগ্রাম প্রাইম লোকেশনে এবং আধুনিক সুযোগ সুবিধা সংবলিত স্থানে স্থানান্তর করা হয়েছে (কপি সংযুক্ত)। স্থানান্তরিত শাখাসমূহের কর্মপরিবেশ সুন্দর ও গ্রাহক বান্ধব হয়েছে।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

শ্রদ্ধান্তে,

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ সিরাজুল ইসলাম)
জেনারেল ম্যানেজার
ও
ফোকাল পয়েন্ট, প্রধান কার্যালয়স্থ নৈতিকতা কমিটি
টেলিফোন নম্বর: ০২২২-৩৩৮৮৫৫৯
ইমেইল: gmhrmd@sonalibank.com.bd

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

(c3) internal letter-Marouf NIS - 2022-23+